দৈনিক জনকণ্ঠ

তারিখ 17 DEC 2002
পৃষ্ঠা ২ কলাম ৭

# যুক্তরাষ্ট্রে বিদেশী ছাত্রদের জন্য নয়া আইন ॥ প্রয়োগ ৩০ জানুয়ারির পর

মাহফুজুর রহমান, নিউইয়র্ক থেকে ॥ আমেরিকায় পড়তে আসা ছাত্র ও এক্সচেঞ্জ ভিজিটররা এখানকার যে শিক্ষা প্রতিষ্ঠানে পড়তে আসেন প্রকৃতপক্ষে তারা সেই প্রতিষ্ঠানেই পড়ছেন কিনা তা নিশ্চিত করতে প্রস্তাবিত ইন্টারনেট তথ্যপূরণ পদ্ধতি ব্যবস্থা কঠোরভাবে পালনের বিষয়ে আমেরিকার বিচার বিভাগ ১১ ডিসেম্বর তার সিদ্ধান্ত ঘোষণা করেছে। আগামী বছরের ৩০ জানুয়ারির পর থেকে বাধ্যতামূলকভাবে প্রতিটি অনুমোদিত স্কুল প্রতিটি নতুন ছাত্রের ক্ষেত্রে ফরম ১-২০ পূরণ করতে বাধ্য থাকবে। সঙ্গে সঙ্গে পর্যায়ক্রমে চলতি ছাত্রদেরও এই ফরম পূরণ করতে হবে।

স্টুডেন্ট এ্যান্ড এক্সচেঞ্জ ভিজিটর ইনফর্মেশন সিস্টেম প্রবর্তনের মাধ্যমে ইমিগ্রেশন এ্যান্ড ন্যাচারালাইজেশন সার্ভিস বিদেশী ছাত্র ও ভিজিটরদের আমেরিকায় পড়াশুনা করতে আসার সুযোগ করে দেবার পাশাপাশি দেশের নিরাপত্তা ব্যবস্থা সংহত করতে ঐসব ছাত্র ও ভিজিটরদের সকল তথ্য সংগ্রহ করবে। এতে তারা জানতে পারবে কারা আমেরিকায় প্রবেশ করছেন শিক্ষা অর্জন করতে।

কংগ্রেসের সিদ্ধান্ত অনুযায়ী 'আইএনএস'কে আমেরিকায় পড়াশোনা করতে আসা প্রায় ১০ লাখ অনাবাসী বিদেশী ছাত্র ও এক্সচেঞ্জ ভিজিটরকে এদেশে অবস্থানের সময় প্রতিবছর তাদের হাল নাগাদ তথ্য সংগ্রহ করতে হবে। এটি ১৯৯৬ সালের ইলিগ্যাল ইমিগ্রেশন রিফর্ম এ্যান্ড রেসপনসিবিলিটি এক্টের বাস্তবায়ন।